

অ্যাপ বাস পরিষেবা চালু উত্তরপাড়ায়

EiSamay.Com| Aug 20, 2019, 12.31 PM IST



এই সময় ডিজিটাল ডেস্ক : এখন থেকে আর বোঁপে বৃষ্টির দিনে বা উৎসবের মরসুমে অ্যাপ ট্যাক্সির সার্জ রেট দেখে মাথায় হাত দিতে হবে না। শহরে এল শাটল অ্যাপ বাসের পরিষেবা। মুঠো ফোনে শাটল অ্যাপ ডাউনলোড করে অফিস যাওয়ার একদিন আগেই এসি বাসে নিজের আসন সংরক্ষণ করে রাখা যাবে। নির্দিষ্ট সময়ে বাড়ির কাছের বাসস্ট্যান্ড থেকেই বাস তুলে নেবে আর গন্তব্যে পৌঁছে দেবে সময় মতো। সংস্থার দাবি, ঝড়বৃষ্টি বা কোনও উৎসবেই ভাড়ার হেরফের হবে না।

সোমবার এমনই তিনটি ঝাঁ চকচকে বাসের যাত্রা সূচনা হল হুগলির উত্তরপাড়া পুরসভার সামনে থেকে। পতাকা নাড়িয়ে পরিষেবা চালু করলেন উত্তরপাড়া-কোতরং পুরসভার চেয়ারম্যান দিলীপ যাদব। শাটল সংস্থার পক্ষে সংস্থার জাতীয় ভাইস প্রেসিডেন্ট বীর সিং বলেন, আপাতত এই পরিষেবা চলবে হুগলির শ্রীরামপুর থেকে উত্তরপাড়া, হাওড়ার বালি হয়ে দক্ষিণেশ্বর, বিমানবন্দর হয়ে নিউ টাউন ও সেক্টর ফাইভ পর্যন্ত। অল্পদিনের মধ্যেই এই রুটে অন্তত দশ থেকে বারোটি ৪০ আসনের বাস চালানো হবে বলেও জানান তিনি। ১৫ মিনিট অন্তর যাতে বাস মেলে তাও নিশ্চিত করা হবে। যাত্রীরা যে কেউ যাত্রা শুরুর আগেও বাসের আসন সংরক্ষণ করতে পারবেন অ্যাপ থেকে।

এক বছর আগে এই সংস্থা বালিখাল থেকে ১২ আসনের উইংগার পরিষেবা চালু করেছিল সেক্টর ফাইভ পর্যন্ত। তখনই পরবর্তী সময় বাস পরিষেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন সংস্থার কর্তারা। সংস্থার কলকাতার প্রধান শুভজিৎ চক্রবর্তী বলেন, 'কলকাতায় আরও কয়েকটি রুটে এই পরিষেবা চালু আছে। হাওড়ার সাঁতরাগাছি, হাওড়া রেল মিউজিয়াম ও টিকিয়াপাড়া থেকে সেক্টর ফাইভ পর্যন্ত পরিষেবা চলছে এখন। ভবিষ্যতে শ্রীরামপুর থেকে বালি বেলেড হয়ে নবান্ন পর্যন্ত পরিষেবাও ভাবা হতে পারে।' কলকাতা ও শহরতলিতে রাজ্য সরকারের 'সেফ ড্রাইভ সেভ লাইফ' কর্মসূচিকেও প্রচারের হাতিয়ার করছে সংস্থা। এ দিনও উত্তরপাড়ার অনুষ্ঠানে মূল সুর ছিল পথ নিরাপত্তাকে সুনিশ্চিত করা। উত্তরপাড়া থানার ওসি-সহ পুর চেয়ারম্যান দিলীপ যাদব সকলেই সংস্থার উদ্যোগকে সাধুবাদ জানান। পুনে, দিল্লি, মুম্বাই, চেন্নাই, হায়দরাবাদ, কলকাতার মতো দেশের বেশ কয়েকটি মেট্রো শহরে এই পরিষেবা দিতে মোট ১৭০০ বাস চালাচ্ছে সংস্থা।